

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৫০৫(আগরতলা, ১৯।৫)

জিরানীয়া, ১৯ মে ২০১৭

জিরানীয়ায় স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আগামী ২২-২৭ মে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচি অনুযায়ী ২২মে শিবির হবে পশ্চিম কৈয়াচাঁদবাড়ী, ভগবান কোবরা পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ২৩ মে হবে মোহনপুর কালীবাড়ী, মাধববাড়ী এবং শচীন্দ্রনগর কলোনীর দুর্গাটিলা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ২৪মে হবে মজলিশপুরের উত্তর মোহনপুর এবং বিশ্রামবাড়ী ভিলেজের বল্পবী সর্দার পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ২৫মে হবে পশ্চিম বড়জলার পশ্চিম নারায়ণবাড়ী এবং ২৭মে শিবির হবে বড়জলা বীণাপানির দীননাথ চন্দ্র পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রের আধিকারিক এ তথ্য জানিয়েছেন।

This document was converted using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com